

## জেএসসিতেও এমসিকিউ থাকছে না

নিজস্ব প্রতিবেদক >

প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) পরে এবার জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায়ও থাকছে না এমসিকিউ (মাস্ট্রিপল চয়েজ কোয়েশ্চেন)। এসএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্ন ফাঁসসংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির প্রতিবেদন বিষয়ে জাতীয় আইন-শৃঙ্খলা ও মনিটরিং কমিটির সভা শেষে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন এ তথ্য জানিয়েছেন। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সচিব সোহরাব হোসাইন বলেন, 'সুষ্ঠুভাবে পরীক্ষা আয়োজনে জেএসসি ও জেডিসিতে এমসিকিউ বাদ দেওয়ার বিষয়ে সীতিনগত সিদ্ধান্ত হয়েছে। চলমান পদ্ধতিতে পাবলিক পরীক্ষা হলে প্রশ্ন ফাঁস রোধ করা সম্ভব হবে না। এ কারণে পাবলিক পরীক্ষাগুলোয় বড় ধরনের পরিবর্তন আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর অংশ হিসেবেই চলতি বছর শুরু হতে যাওয়া জেএসসি-জেডিসি পরীক্ষায় পরিবর্তন আনা হবে। তিনি আরো বলেন, 'এমসিকিউ বাদ দেওয়ার বিষয়টি চূড়ান্ত করতে শিগগিরই সভার আয়োজন করা হবে। সেখানে অনেকের মতামত নিয়ে কী কী পরিবর্তন আনা যায়-সেই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

জানা যায়, চলতি বছরের নভেম্বরের তৃতীয় সপ্তাহে জেএসসি ও জেডিসি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এতে অংশ নেবে ২০ লাখেরও বেশি পরীক্ষার্থী। এর আগে গত ৩ এপ্রিল প্রশ্ন ফাঁস ঠেকাতে চলতি বছর থেকেই পিইসি পরীক্ষায় এমসিকিউ থাকছে না বলে জানিয়েছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোতাসফিজুর রহমান। এরই মধ্যে পিইসি পরীক্ষা থেকে এমসিকিউ বাদ দিয়ে নতুন প্রশ্ন কাঠামো প্রকাশ করেছে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)। পিইসি পরীক্ষা থেকে এমসিকিউ বাদ দিয়ে এককথায় উত্তর, শূন্যস্থান পূরণ, মিলকরণ ও সত্য-মিথ্যা ঘোষণা করা হয়েছে।